

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ এপ্রিল'২০২৪খ্রি.

দুই হাজার পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করেন মেয়র

মহানগর আওয়ামী লীগ নেতা এরশাদুল আমীন এর উদ্যোগে নগরীর উত্তর হালিশহর, দক্ষিণ কাউলী ও সরাইপাড়া ওয়ার্ডে দুই হাজার পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করেন সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। রবিবার বিকালে উত্তর হালিশহর একটি কমিউনিটি সেন্টারে, দক্ষিণ কাউলী লাকী স্কয়ারে ও সরাইপাড়া ওয়ার্ড কাউন্সিলরের বাসভবনে উপস্থিত থেকে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী এই ঈদ উপহার বিতরণ করেন। ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, সমাজের সর্বশ্রেণি পেশার মানুষ যাতে একসাথে ঈদের আনন্দ উপভোগ করতে পারে সেদিকে আমাদের লক্ষ রাখতে হবে। এই লক্ষ্যকে সামনে রেখে আওয়ামী লীগ নেতা এরশাদুল আমীন এলাকার সাধারণ জনগণের মাঝে ঈদ উপহার বিতরণ করে সবাইকে সাথে নিয়ে ঈদ আনন্দ উপভোগের যে উদ্যোগ নিয়েছেন তা প্রসংশার দাবিদার। তিনি এরশাদুল আমীনের এই উদ্যোগকে স্বাগত জানান। মেয়র এলাকার গরীব দুঃখীদের পাশে দাঁড়ানোর জন্য বৃন্দবানদের আহ্বান জানান। এসময় আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা এরশাদুল আমীন, ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ ইলিয়াছ, অধ্যাপক মো.ইসমাইল, নুরুল আমীন, সমাজসেবী আবেদ মনসুর চৌধুরী, আশফাকুল আলম আশফাক, আনোয়ারুল হক জসিম, শামসুল আলম, মো.জসিম উদ্দিন, নোয়াব আলী মেম্বার, লুৎফুল হক খুশি, হান্নান খান ফয়সাল, ইমাম হোসেন রানা প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮